

উপজেলা কৃষি ও সেচ কমিটির এর দ্বি-মাসিক সভার কার্যবিবরণীঃ

সভাপতিঃ জনাব আখতারুজ্জামান, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জামালপুর সদর, জামালপুর।

সভার স্থানঃ সভাপতির কার্যালয়, উপজেলা পরিষদ, জামালপুর সদর, জামালপুর।


সভার তারিখ ও সময়ঃ ১০/০১/২০২১ খ্রিঃ বেলা-১১:০০ ঘটিকা।

সভায় উপস্থিত সদস্যদের নামের তালিকা পরিশিষ্ট “ক” দ্রষ্টব্য।

অদ্য ১০/০১/২০২১ খ্রিঃ তারিখ বেলা ১১:০০ ঘটিকায় উপজেলা কৃষি ও সেচ কমিটির দ্বি-মাসিক সভা উপজেলা ভাইস চেয়ারম্যান জনাব আখতারুজ্জামান এর সভাপতিত্বে তাহার কার্যালয়ে অনুষ্ঠিত হয়। সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন এবং বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন করা হয়। পরে কমিটির সদস্য সচিব ও উপজেলা কৃষি কর্মকর্তাকে আলোচ্য সুচি অনুযায়ী আলোচনা শুরু করার আহবান জানান। কমিটির সদস্য সচিব আলোচ্য সুচি অনুযায়ী আলোচনা শুরু করেন এবং আলোচনার বিষয় ও সিদ্ধান্ত সমূহ নিম্নরূপঃ

ক্রঃ নং	বিষয়	আলোচনা	সিদ্ধান্ত
০১	বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদনঃ	বিগত সভার কার্যবিবরণী পাঠ ও পর্যালোচনা করা হয়।	কার্যবিবরণী কোন সংশোধনী না থাকায় সভায় তা দৃঢ়করণ করা হয়।
০২	আগ্রহী কৃষকদের কফি চাষ বিষয়ক প্রশিক্ষণঃ	কমিটির সম্মানিত সদস্য সচিব জনাব মোহাম্মদ শাখাওয়াত ইকরাম, উপজেলা কৃষি অফিসার, জামালপুর সদর সভাকে জানান, জামালপুর সদর উপজেলার কিছু ইউনিয়ন কফি চাষের জন্য উপযোগী। এসব ইউনিয়ন গুলোতে আগ্রহী কৃষকেরা কফি চাষ করলে অনেক লাভবান হবে। তাছাড়া এখন মানুষ কফি পানের দিকে আগ্রহী হচ্ছে। তাই তিনি কফি চাষের প্রতি গুরুত্ব আরোপ করে সভাকে অবহিত করেন। সে জন্য আগ্রহী কৃষকদের কফি চাষের উপর প্রশিক্ষণের প্রয়োজনীয়তা অনুভব করেন।	উক্ত বিষয়ে বিস্তারিত আলোচনান্তে, সভার সভাপতিকে উক্ত বিষয়টি উপজেলা পরিষদের মাসিক সভায় উত্থাপনের বিষয়ে সিদ্ধান্ত গৃহিত হয়।

পরিশেষে আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(আখতারুজ্জামান)

ভাইস চেয়ারম্যান

ও

সভাপতি

উপজেলা কৃষি ও সেচকমিটি

জামালপুর সদর, জামালপুর।

স্মারকনং-৩৩.০১.৩৯৩৬.০০০.০৬.০০২.২০-৩৪

তারিখঃ ১০/০১/২০২১ খ্রিঃ


সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরিত হলোঃ

০১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জামালপুর সদর, জামালপুর।

০২। উপজেলা নির্বাহী অফিসার, জামালপুর সদর, জামালপুর।

০৩। জনাব-----সদস্য, উপজেলা কৃষি ও সেচ কমিটি, জামালপুর সদর, জামালপুর।

০৪। অফিসনথি।



(মোহাম্মদ শাখাওয়াত ইকরাম)

উপজেলা কৃষি অফিসার

ও

সদস্য সচিব

উপজেলা কৃষি ও সেচকমিটি

জামালপুরসদর, জামালপুর।

পরিশিষ্ট "ক"

১০/০১/২০২১ খ্রিঃ তারিখের সভায় উপস্থিত সদস্যবৃন্দের নাম ও পদবী

ক্রঃ নং	সদস্যদেরনাম	পদবী
০১	জনাব আখতারুজ্জামান, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জামালপুর সদর, জামালপুর	সভাপতি
০২	মোঃ হাফিজুর রহমান, চেয়ারম্যান, ০৫ নং ইটাইল ইউনিয়ন পরিষদ	সদস্য
০৩	মোঃ আযুব আলী খান, চেয়ারম্যান, ১১ নং শাহবাজপুর ইউনিয়ন পরিষদ	সদস্য
০৪	মোঃ আলমআলী, চেয়ারম্যান, ০২ নং শরীফপুর ইউনিয়ন পরিষদ	সদস্য
০৫	মোহাম্মদ শাখাওয়াত ইকরাম, উপজেলা কৃষি কর্মকর্তা, জামালপুর সদর	সদস্য সচিব